তাহা হইলে পূর্ব্ববর্ণিত সিদ্ধান্তানুসারে অধিকারীবিশেষকে প্রাপ্ত হইয়াই সেই সেই পূর্ব্ববর্ণিত ফলের উদয় দেখা যায়, যেমনভাবে পূর্ব্বে উদাহরণ উল্লেখ করা হইয়াছে। শ্রীমান্ উদ্ধব মহাশয়ও ১১।৬ অধ্যায়ে শ্রীগোবিন্দের নিকট যেমনভাবে জাতরুচিভক্তকে প্রাপ্ত হইয়া তাঁহার লীলার প্রভাব বর্ণন করিয়াছেন, তাহাতেও অধিকারীবিশেষকেই লক্ষ্য করা হইয়াছে। শ্রীমান্ উদ্ধব মহাশয়ের সেই উক্তিটি যথা—হে কৃষ্ণ! মানবমাত্রের পরমমঙ্গলদায়িনী তোমার বিবিধ লীলা যাহাদের কর্ণের সুধারূপে প্রকাশ পায়, সেইসকল হরিদাসগণ লীলাকথা শ্রবণের আস্বাদন পাইয়া অন্য সমুদয় কামনা-বাসনা পরিত্যাগ করিয়া থাকে। অতএব অন্যত্রও দেখা যায়—পুরুষোত্তম ভগবানে যাঁহারা ভক্তিমান্, সেইসকল কৃতপুণ্য মহাপুরুষগণের কখনও ক্রোধ হয় না, মাৎসর্য্য হয় না, লোভ হয় না এবং শুভকর্ম্ম করিবার জন্য কোনও বাসনা উঠে না। ১৩৬।

জাতপ্রেমা ভক্তকে প্রাপ্ত হইয়া ভগবৎকথারূপা ভক্তির উল্লাস কি প্রকারে প্রকাশ পাইয়া থাকে, তাহা শ্রীমান্ পরীক্ষিৎ মহারাজ ১০।১ অধ্যায়ে শ্রীশুকমুনিকে বলিয়াছেন—হে প্রভো! যদ্যপি আমি এই প্রায়োপবেশন করিবার পূর্ব্ব হইতেই জলপান পর্য্যন্ত পরিত্যাগ করিয়াছি, তথাপি এই দুর্ব্বিসহ ক্ষুধায় কোন পীড়া অনুভব করিতেছি না। তাহার মূল কারণ তোমার মুখচন্দ্র হইতে বিগলিত শ্রীহরিকথামৃত অনবরত পান করিতেছি। ১৬৪॥

ব্যাখ্যাতে যথাকথঞ্চিদ্ভজনসম্যগ্ভজনাবৃত্তী। তদেবং ভগবদর্পিতধর্ম্মাদিসাধ্যত্বাৎ তাং বিনান্যেষামকিঞ্চিৎকরত্বাত্তস্যাঃ স্বত এব সমর্থত্বাৎ স্বলেশেন স্বভাসাদিনাপি পরমার্থপর্য্যন্তপ্রাপকত্বাৎ সর্ব্বেষাং বর্ণানাং নিত্যত্বাচ্চ সাক্ষাদ্ভক্তিরূপং তৎসাম্মুখ্যমেবাত্রাভিধেয়ং বিস্থিতি স্থিতম্।

ইয়মেব কেবলত্বাৎ অনন্যতাখ্যা। অনন্যাশ্চিন্তয়ন্তো মাং যে জনাঃ পর্য্যুপাসতে। তেষাং নিত্যাভিযুক্তানাং যোগক্ষেমং বহাম্যহম্। যেঽপ্যন্য দেবতাভক্তা যজন্তে শ্রদ্ধয়াম্বিতাঃ। তেঽপি মামেব কৌন্তেয় যজন্ত্যবিধিপূর্ব্বকম্॥ ইত্যব্যবহিতবাক্যদ্বয়েঽন্বয়-ব্যতিরেকোক্ত্যা অনন্যত্বং নাম হ্যন্যোপাসনারাহিত্যেন—তদ্ভজনমুচ্যতে। ইত্থমেবাঙ্গীকৃতম্—অপি চেৎ সুদুরাচারো ভজতে মামনন্যভাগিত্যাদৌ। তস্যাশ্চ মহাদুর্ব্বোধত্বং মহাদুর্লভত্বঞ্চোক্তম্—ধর্ম্মস্তু সাক্ষাদ্ভগবৎপ্রণীতং ন বৈ বিদুঋষয়ো নাপি দেবা ইত্যাদৌ। যেঽভ্যর্থিতা ময়ি চ নো নৃগতিং প্রপন্না ইত্যাদৌ চ। তদেবং তস্যাঃ শ্রবণাদিরূপায়া সাক্ষাদ্ভক্তেঃ সর্ব্ববিঘ্ননিবারণপূর্ব্বকসাক্ষাদ্ভগবৎপ্রেমফলদত্বে স্থিতে পরমদুর্লভত্বেচ সত্যন্য-কামনয়া চ নাভিধেয়ত্বম্। তথা চতুর্থে—তং দুরারাধ্যমারাধ্য সতামপি দুরাপয়া। একান্তভক্ত্যা কো বাঞ্ছেৎ পাদমূলং বিনা বহিরিতি তন্মাত্রকামনায়াঞ্চ ভক্তোরেবাকিঞ্চ-